

তারিখ: ২৮ জানুয়ারি ২০২৬ খ্রি:

### "প্রেস রিলিজ"

## ৭ম নিয়োগ বিজ্ঞপ্তি (বিশেষ)-২০২৬ এর আওতায় বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে এন্ট্রি লেভেলের শূন্যপদে নিয়োগ সুপারিশ সংক্রান্ত তথ্য

- বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের (স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ব্যবসায় ব্যবস্থাপনা) প্রবেশ পর্যায়ে (Entry Level)-এর ১,০০,৮২২ (এক লক্ষ আটশত বাইশ) টি শূন্যপদ পূরণের লক্ষ্যে গত ১৬ জুন ২০২৫ খ্রি. তারিখে ৬ষ্ঠ নিয়োগ সুপারিশের জন্য বিজ্ঞপ্তি-২০২৫ প্রকাশ করা হয়।
- গত ১৯ আগস্ট ২০২৫ খ্রি. তারিখে মোট ৪১,৬২৭ (এক চল্লিশ হাজার ছয়শত সাতাশ) জন প্রার্থীকে নিয়োগ সুপারিশ করা হয়।
- গত ০৯ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখে বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ, নিবন্ধন ও প্রত্যয়ন বিধিমালা, ২০২৫ গেজেট আকারে প্রকাশিত হয়।
- ৬ষ্ঠ নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তিতে আবেদনকারীর বয়স ও প্রত্যয়নপত্রের মেয়াদ ০৪ জুন ২০২৫ খ্রি তারিখে সর্বোচ্চ ৩৫ বছর এবং শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্রের মেয়াদ নিবন্ধন পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ০৩ (তিন) বছরের মধ্যে হতে হবে মর্মে উল্লেখ ছিল।
- এরই ধারাবাহিকতায় নতুন বিধিমালার আলোকে পরীক্ষা গ্রহণের পূর্বে বয়স ও প্রত্যয়নপত্রের মেয়াদ থাকা সাপেক্ষে ১৭তম ও ১৮তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের জন্য গত ০৪ জানুয়ারি ২০২৬ তারিখে ৬৭,১৩০টি (স্কুল ও কলেজ-২৯৫২১ টি, মাদ্রাসা-৩৬৭৭৬ টি, কারিগরি ও ব্যবসায় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান-৮৩৩ টি) ৭ম নিয়োগ বিজ্ঞপ্তি (বিশেষ)-২০২৬ প্রকাশ করা হয়।

### ৭ম নিয়োগ বিজ্ঞপ্তি (বিশেষ)-২০২৬ কার্যক্রম

- গত ২৩ অক্টোবর ২০২৫ থেকে ০৫ নভেম্বর ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত শিক্ষাপ্রতিষ্ঠানের ই-রেজিস্ট্রেশন কার্যক্রম গ্রহণ করা হয়।
- গত ১৯ নভেম্বর থেকে ২৮ নভেম্বর ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত শিক্ষাপ্রতিষ্ঠান থেকে শূন্যপদের চাহিদা (ই-রিকুজিশন) সংগ্রহ করা হয়। উক্ত তারিখের মধ্যে ১৯,২০৮টি শিক্ষাপ্রতিষ্ঠান হতে সর্বমোট ৬৭,১৩০টি (স্কুল ও কলেজ-২৯৫২১ টি, মাদ্রাসা-৩৬৭৭৬ টি, কারিগরি ও ব্যবসায় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান-৮৩৩ টি) শূন্যপদের চাহিদা পাওয়া যায়।
- উল্লেখ্য প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ৪৩টি শূন্যপদের চাহিদা বাতিলের আবেদন পাওয়া যায়। সে প্রেক্ষিতে ৪৩ টি শূন্যপদে চাহিদা বাতিলের পর অবশিষ্ট ৬৭,০৮৭টি পদের বিপরীতে আবেদন গ্রহণ করা হয়।
- নিবন্ধিত প্রার্থীদের নিকট থেকে ১০ জানুয়ারি থেকে ১৭ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অনলাইনে ১৮,৩৯৯ টি আবেদন পাওয়া যায়।
- ১০২৭ জন প্রার্থীর ইনডেক্সের কারণে তাদের আবেদন বাতিল করা হয়।
- নিবন্ধনধারী প্রার্থীদের আবেদনের প্রেক্ষিতে প্রার্থীদের মেধাক্রম ও পছন্দক্রমের ভিত্তিতে এনটিআরসিএ কর্তৃক প্রদত্ত গাইডলাইন অনুসরণ করে টেলিটক বাংলাদেশ লিঃ কর্তৃক সফটওয়্যারের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)-৫,৭৪২ জন, মাদ্রাসা-৪,২৫৫ জন, কারিগরি-৩৫৪ জন, কারিগরি+মাউশি (সংযুক্তি প্রতিষ্ঠান)-১১৫৫ জন এবং মাদ্রাসা+কারিগরি (সংযুক্তি প্রতিষ্ঠান)-২০৭সহ মোট ১১,৭১৩ (এগার হাজার সাতশত তের) জন প্রার্থীকে নিয়োগ সুপারিশ করা হয়েছে।